

সোনালী ব্যাংক লিমিটেড  
এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন  
ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট  
প্রধান কার্যালয়, ঢাকা।

নং-এসবিএল/এইচও/ইইডি/ইডি/নিলাম (বৈদ্যুতিক ও যাত্রিক)/

তারিখ: ২০/০৯/২০২২

নিলাম বিজ্ঞপ্তি

**নিলাম কাজের নামঃ-** সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় ভবনের বেইজমেন্ট ফ্লোরে এবং বৈদ্যুতিক ও যাত্রিক গুদামে রাখিত পুরাতন/ব্যবহার অযোগ্য বৈদ্যুতিক ক্যাবল ও ফিটিংস/ফিক্সার, সাব-স্টেশন এর যন্ত্রপাতি, জেনারেটর, এয়ার কুলার, ফ্যান ইত্যাদি মালামাল নিলামে বিক্রয় (যা যেখানে যে অবস্থায় যেমন আছে সে শর্তে)।

এতদ্বারা অগ্রহী নিলাম গ্রহীতাদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এ ব্যাংকের প্রধান কার্যালয় ভবনের বেইজমেন্ট ফ্লোরে এবং বৈদ্যুতিক ও যাত্রিক গুদামে রাখিত বৈদ্যুতিক ক্যাবল ও ফিটিংস/ফিক্সার, সাব-স্টেশন এর যন্ত্রপাতি, জেনারেটর, এয়ার কুলার, ফ্যান ইত্যাদি মালামাল নিলামে বিক্রির জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে :-

১. নিলামতব্য মালামাল সমূহ আগামী ১২/১০/২০২২ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সকাল ৯.০০ ঘটিকা হতে বিকেল ৩.০০ ঘটিকার মধ্যে অত্র বিভাগে যোগাযোগ করে সরেজমিনে পরিদর্শন করা যাবে (যদি কেউ দেখতে চান)।
২. আগামী ১২/১০/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন, ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা হতে নিলাম দরপত্র দলিল বিনামূল্যে সংগ্রহ করা যাবে। সংগ্রহীত দরপত্র দলিল এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশনের টেক্সার বক্সে আগামী ১৩/১০/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে জমা করতে হবে।
৩. নিলাম দরপত্র দলিল যথাযথ ভাবে পূরণ করে প্রতি পৃষ্ঠায় সীল সহকারে মূল মালিক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি স্বাক্ষর করার পর পূরণকৃত নিলাম দরপত্র দলিল এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশনের টেক্সার বক্সে জমা করতে হবে।
৪. এ ডিভিশন হতে সংগ্রহীত নিলাম দরপত্র দলিলের মূলকপি (ফটোকপি গ্রহণযোগ্য হবে না) আনুষঙ্গিক কাগজপত্র সহ নির্ধারিত দিন ও সময়ের মধ্যে টেক্সার বক্সে জমা করতে হবে।
৫. নিলামে অংশগ্রহণকারী দরদাতাগণকে আর্নেস্ট মানি হিসাবে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে এডিশনাল চিফ ইঞ্জিনিয়ার, এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিজস্ব লেটার হেড প্যাডে ফরোয়ার্ডিং সহ নিলাম দরপত্রের সাথে ১৩/১০/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। পরবর্তীতে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে কৃতকার্য সর্বোচ্চ দরদাতা ব্যতীত অন্যান্য দরদাতাদের আর্নেস্ট মানি ফেরত প্রদান করা হবে।
৬. ১৩/১০/২০২২ তারিখ বিকাল ৩.১৫ ঘটিকায় নিলাম দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি দরদাতাদের কেউ উপস্থিত থাকেন) সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশনের এডিশনাল চিফ ইঞ্জিনিয়ারের কক্ষে নিলাম দরপত্র খোলা হবে।
৭. নিলাম দরপত্রের উদ্ভৃত মূল্য ব্যাংক কর্তৃক গ্রহণযোগ্য হলে নিলাম কার্যাদেশ জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সরকারি নিয়মানুযায়ী সরকারি কোষাগারে উৎসে কর হিসেবে অনুমোদিত নিলাম মূল্যের উপর অতিরিক্ত ১০% অগ্রিম আয়কর ও অতিরিক্ত ৭.৫% অগ্রিম ভ্যাট প্রদান/জমা করে চালান কপি এই বিভাগে জমা দিতে হবে এবং আর্নেস্ট মানি বাদ দিয়ে অবশিষ্ট সমুদয় অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতঃ কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে নিলাম গ্রহীতার নিজ দায়িত্বে সম্পূর্ণ মালামাল বুঝে নিয়ে তা অপসারণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত আয়কর ও ভ্যাট এর চালানসহ উদ্ভৃত নিলাম মূল্য হতে আর্নেস্ট মানি ব্যতীত অবশিষ্ট অর্থের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে দাখিলকৃত আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হবে।
৮. **অন্যান্য শর্তাবলীঃ**
  - ক. নিলাম দরপত্র প্রতিষ্ঠানের প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে এস্টারিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশনের টেক্সার বক্সে জমা করতে হবে।
  - খ. নিলাম দরপত্রের প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের সীল সহকারে মূল মালিক/ বৈধ প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে।
  - গ. প্রকৃত গণনায় মালামালের সংখ্যা বেশি হলে গুদামে জমা থাকবে। কোনভাবেই নিলাম দরপত্রে উল্লিখিত মালামালের অতিরিক্ত কোন মালামাল নেয়া যাবে না।
  - ঘ. নিলাম বিক্রয় কাজের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/প্রকৌশলী/সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা গণের উপস্থিতিতে নিলাম গ্রহণকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে মালামাল সমূহ গণনা করে, যে অবস্থায় যেখানে যেমন আছে সে শর্তে সরবরাহ নিতে হবে। সরবরাহকালে কোন অবস্থাতেই দাঙ্গারিক কাজে বিস্তু সৃষ্টি করা যাবে না।
  - ঙ. দরপত্র খোলার দিন সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী অফিস খোলার দিন দরপত্র উন্মুক্ত করা হবে।
  - চ. কোন প্রকার কারণ দর্শানো ব্যাতিরেকেই সকল নিলাম দরপত্র বাতিল অথবা যে কোনো নিলাম দরপত্র আংশিক বা সম্পূর্ণ ভাবে গ্রহণের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত হবে।

*Biman /*

(মোঃ আবুল বাসার)  
এডিশনাল চিফ ইঞ্জিনিয়ার

